

▶ ভিডিও

▶ ভিডিও

▶ ভিডিও

ভর্তি

বিএসএমএমইউর ডিপ্লোমা-এমফিল কোর্সে ভর্তি, আবেদন ফি ৭০০০

নিজস্ব প্রতিবেদক ঢাকা



বিএসএমএমইউ ফাইল ছবি

By using this site, you agree to our Privacy Policy. OK

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) এবং অধিভুক্ত মেডিকেল কলেজের এমফিল, এমমেড, ডিপ্লোমা অ্যান্ড এমপিএইচ জুলাই-২০২৪ সেশনের ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৮ মার্চ।

বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘বিএসএমএমইউ এবং অধিভুক্ত বিভিন্ন মেডিকেল কলেজ এবং ইনস্টিটিউটে জুলাই ২০২৪ সেশনের এমফিল, এমমেড, ডিপ্লোমা ও এমপিএইচ কোর্সে ভর্তির জন্য আবেদন আহ্বান করা হয়েছে। এ কোর্সের একাডেমিক সেশন শুরু হবে ১ জুলাই ২০২৪। ভর্তি-ইচ্ছুক প্রার্থীরা বিশ্ববিদ্যালয়ের [ওয়েবসাইট](#) থেকে এমফিল, এমমেড, ডিপ্লোমা ও এমপিএইচ কোর্সের জন্য নির্ধারিত বিষয়গুলো দেখে আবেদন করতে পারবেন।

ভর্তি ফি ও প্রদানের নিয়ম

আবেদনকারী প্রার্থীকে পূর্বালী ব্যাংকের যেকোনো অনলাইন শাখা থেকে শাহবাগ শাখায় ‘বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা ও বিবিধ তহবিল’ অ্যাকাউন্টে সাত হাজার টাকা (অফেরতযোগ্য) ড্রাফট করতে হবে।

আবেদনের সময়সীমা

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ২৮ জানুয়ারি থেকে আগামী ২০ ফেব্রুয়ারি পর্যন্ত আবেদন ফি জমা দেওয়া যাবে। প্রার্থীরা ২৯ জানুয়ারি থেকে ২২ ফেব্রুয়ারি রাত ১১টা ৫০ মিনিট পর্যন্ত আবেদনপত্র জমা দিতে পারবেন। নিজ নিজ দরখাস্তের নম্বর ও পাসওয়ার্ড ব্যবহার করে ৪ থেকে ৮ মার্চ সকাল ৮টা ৩০ মিনিট পর্যন্ত অনলাইন থেকে প্রবেশপত্র প্রিন্ট দিতে পারবেন প্রার্থীরা।

বিজ্ঞপ্তিটি দেখতে [ক্লিক করুন](#)



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 [prothomalo.com](https://www.prothomalo.com)

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো